



মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা

www.dhakaeducationboard.gov.bd



স্মারক নং- ২১০/জেএসসি/এসএসসি রেজিঃ/৮৫৮

তারিখ : ৩০/১১/২০২১

জরুরি বিজ্ঞপ্তি

বিষয়: ২০২১-২০২২ শিক্ষাবর্ষে ৯ম শ্রেণিতে অধ্যয়নরত শিক্ষার্থীদের রেজিস্ট্রেশনকরণ প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ে নির্দেশক্রমে এ বোর্ডের আওতাধীন স্বীকৃতপ্রাপ্ত ও পাঠদানের অনুমতিপ্রাপ্ত সকল মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক বিদ্যালয়ের অধ্যক্ষ/প্রধান শিক্ষককে জানানো যাচ্ছে, ২০২১-২০২২ শিক্ষাবর্ষে নবম শ্রেণিতে ভর্তি ও অধ্যয়নরত শিক্ষার্থীদের রেজিস্ট্রেশন প্রক্রিয়া নিম্নের্বর্ণিত নির্দেশনাবলি অনুসরণপূর্বক নির্ধারিত সময়ের মধ্যে সম্পন্ন করার জন্য অনুরোধ করা হলো।

জরুরি নির্দেশাবলি

- ১। জেএসসি পরীক্ষায় উভীর্ণ হওয়ার ০৩(তিনি) বছরের মধ্যে দেশের যেকোন মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড/বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ডের অধীনে অনুষ্ঠিত জেএসসি বা জেডিসি পরীক্ষায় উভীর্ণ শিক্ষার্থীরা অবশ্যই নবম শ্রেণিতে ভর্তি হবার সুযোগ পাবে। নবম শ্রেণিতে ভর্তিকৃত সকল শিক্ষার্থীর অভিভাবকের মোবাইল নম্বরসহ সকল তথ্য অনলাইনে আপলোড করতে হবে। অনলাইনে আপলোডকৃত তথ্য না থাকলে শিক্ষার্থীর রেজিস্ট্রেশন দাবী করা যাবে না।
- ২। নিবন্ধনের সময় লক্ষ্য রাখতে হবে যে, কোন শিক্ষার্থীর বয়স ১২ বছর পূর্ণ না হলে এবং ১৮ বছরের অধিক হলে নবম শ্রেণিতে ভর্তি হতে পারবে না;
- ৩। জনপ্রতি রেজিস্ট্রেশন ফি : (ক) বিলম্ব ফি ব্যতিত জনপ্রতি ১৭১/- (একশত একাত্তর) টাকা
(খ) বিলম্ব ফিসহ জনপ্রতি ৩১১/- (তিনশত এগার) টাকা মাত্র;
- ৪। বিলম্ব ফি জনপ্রতি : ১৪০/- (একশত চালিশ) টাকা মাত্র;
- ৫। শিক্ষার্থীদের রেজিস্ট্রেশনের জন্য তথ্য আপলোড করার লক্ষ্য স্ব স্ব প্রতিষ্ঠানের শিক্ষকদের সমন্বয়ে ০৩(তিনি) সদস্য বিশিষ্ট একটি রেজিস্ট্রেশন কমিটি গঠন করতে হবে। অনলাইন রেজিস্ট্রেশন সম্পন্ন হবার পর চূড়ান্ত তালিকা ফাইনাল সাবমিটের পূর্বে দায়িত্বাপন কর্মসূচির সদস্যদের দ্বারা বিদ্যালয়ে রক্ষিত ভর্তি ফরম ও সনদের সাথে মিলিয়ে যথাযথভাবে নিশ্চিত করবেন। নিশ্চিত হবার পর ফাইনাল সাবমিট করবেন। রেজিস্ট্রেশন কার্যক্রমে কোন অবস্থায় শিক্ষার্থীদের নিযুক্ত করা যাবে না। চূড়ান্ত তালিকার পিন্ট আউট (হার্ড কপি) প্রতিষ্ঠানে সংরক্ষণ করতে হবে। শিক্ষার্থীর তথ্য ভুল-গ্রেটির জন্য শিক্ষা প্রতিষ্ঠান প্রধান ও কমিটির সদস্যগণ যৌথভাবে দায়ী থাকবেন;
- ৬। নিজ শিক্ষা প্রতিষ্ঠানে অধ্যয়নরত শিক্ষার্থী ব্যতীত অন্য কোন শিক্ষার্থীকে কোন অবস্থাতেই রেজিস্ট্রেশন ভুক্ত করা যাবে না। যদি এর ব্যতয় ঘটে তাহলে শিক্ষা প্রতিষ্ঠান প্রধানের বিবরণে বিধি মোতাবেক ব্যবস্থা নেয়া হবে।
- ৭। ঢাকা বোর্ডের ওয়েবসাইটে OEMS/eSIF বাটনে ক্লিক করে EIIN ও Password দিয়ে লগইন (Login) করলে Dashboard থেকে eSIF SSC-তে ক্লিক করলে Payable Fees of SSC 2021 Registration-এ Applicant name, Mobile no. এবং Number of Student দিয়ে Print sonali seba slip-এ ক্লিক করে সোনালী সেবার স্লিপটি প্রিন্ট করতে হবে (বিঃ দ্রঃ:- ফরমটি কোনভাবেই ফটোকপি করে ব্যাংকে জমা দেয়া যাবে না); ব্যাংকে ২৪ ঘণ্টার মধ্যে পেমেন্ট ক্লিয়ার করলে নির্ধারণকৃত শিক্ষার্থীদের eSIF প্রৱণ করা যাবে।
- ৮। ফি জমাদান ও eSIF প্রৱণের তারিখ : ০১ ডিসেম্বর ২০২১ থেকে ৩১ ডিসেম্বর ২০২১ পর্যন্ত;

রেজিস্ট্রেশন ফি ও অন্যান্য ফি নিম্নরূপ :

রেজিঃ ফি	ক্লীড় ফি	বয়েজ স্কাউট/গার্লস গাইড ফি	বিজ্ঞান ও প্রযুক্তি ফি	রেডক্রিসেন্ট ফি	বিএনসিসি ফি	বিলম্ব ফি	ফি-এর পরিমাণ	
							বিলম্ব ফি	বিলম্ব ব্যতিত ফিসহ
৮০/-	৫০/-	১৫/-	৫/-	১৬/-	৫/-	১৪০/-	১৭১/-	৩১১/-

- ৯। শিক্ষা মন্ত্রণালয়ের ১৭/১২/২০২০ তারিখের স্মারক নং- ৩৭.০০.০০০০.০৭২.৪৪.০২২.১৭.৪৩৬ মোতাবেক ৯ম ও ১০ম শ্রেণিতে ($২০+২০$)=৮০/- টাকা হারে রেড ক্রিসেন্ট ফি আদায় করে, আদায়কৃত অর্থের ৪০% অর্থাৎ ১৬/- টাকা হারে শিক্ষা বোর্ডে প্রেরণ করতে হবে ও অবশিষ্ট ৬০% অর্থাৎ ২৪/- টাকা হারে শিক্ষা প্রতিষ্ঠানের অনুকূলে (স্বতন্ত্র একাউন্ট খুলে) যুব রেড ক্রিসেন্ট কার্যক্রম পরিচালনার জন্য রাখতে হবে;
- ১০। ফি জমাদানের জন্য বোর্ডে আসার প্রয়োজন নেই;
- ১১। ব্যাংকে টাকা জমাদানের ২৪ ঘন্টার মধ্যে সংশ্লিষ্ট প্রতিষ্ঠান eSIF পূরণ শুরু করতে পারবে;
- ১২। বোর্ড কর্তৃক সরবরাহকৃত মোবাইল সিম ব্যবহার করে প্রয়োজনীয় কার্যক্রম সম্পন্ন করতে হবে;
- ১৩। আঞ্চলিক প্রশিক্ষণ কেন্দ্রের উন্নয়নের জন্য প্রতি শিক্ষাপ্রতিষ্ঠান ১০০০/- (এক হাজার) টাকা এবং মেশারশীপ (বিশ্ব স্কাউট সংস্থার) ফি ৪০০/- (চারশত) টাকা চেক/ডিভি-এর মাধ্যমে “চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা” শিরোনামে সঞ্চয়ী হিসাব নং- ৮৮০২৪৩৪০২৫৯০১, সোনালী ব্যাংক লিমিটেড, বিআইএসই শাখা, ঢাকা জমা দিয়ে মূল রশিদের অনুলিপি (বিদ্যালয়ের নামসহ) নিম্নস্বাক্ষরকারীর নিকট প্রদর্শন করতে হবে। ইতিপূর্বে যারা ১০০০/- (এক হাজার) টাকা আঞ্চলিক প্রশিক্ষণ কেন্দ্রের উন্নয়নের জন্য চাঁদা প্রদান করেছে সে সমস্ত প্রতিষ্ঠানের ক্ষেত্রে ইহা প্রযোজ্য হবে না।
- ১৪। প্রতিটি শিক্ষা প্রতিষ্ঠানের মাধ্যমিক পর্যায়ে স্বীকৃতি/স্বীকৃতি নবায়ন হালনাগাদ থাকতে হবে। যে সকল শিক্ষা প্রতিষ্ঠানের হালনাগাদ স্বীকৃতি/স্বীকৃতি নবায়ন নেই, সে সকল শিক্ষাপ্রতিষ্ঠানকে প্রতি ০৩(তিনি) বছরকে পূর্ণ ০১ (এক) মেয়াদ ধরে প্রতি মেয়াদে নির্ধারিত ৫০০০/- (পাঁচ হাজার) টাকা হিসেবে সমন্বয় করে সোনালী সেবার বিবিধ খাতে উক্ত অর্থ জমা দিয়ে মূল রশিদের অনুলিপি এবং সর্বশেষ স্বীকৃতি/স্বীকৃতি নবায়নের প্রামাণ্য কাগজপত্রসহ নিম্নস্বাক্ষরকারীর নিকট প্রদর্শনের পর অনলাইনে রেজিস্ট্রেশন সংক্রান্ত বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হবে।
- ১৫। উপরোক্ত তারিখের মধ্যে শিক্ষার্থীদের রেজিস্ট্রেশন করতে ব্যর্থ হলে বা এ কারণে শিক্ষার্থীর কোনো সমস্যা হলে এর দায়-দায়িত্ব শিক্ষা প্রতিষ্ঠান প্রধানকে বহন করতে হবে।

চেয়ারম্যান মহোদয়ের আদেশক্রমে
স্বাঃ

প্রফেসর মোহাম্মদ আবুল মনছুর ভূঞ্জঁ
বিদ্যালয় পরিদর্শক
মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড
ঢাকা।


ফোন : ০২-৫৮৬১০০৬৯

মেমো নং- ৮৫৮(১১)

তারিখ : ৩০/১১/২০২১

অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলো :

- ১। সচিব, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা
- ২। পরীক্ষা নিয়ন্ত্রক, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা
- ৩। জেলা প্রশাসক, ঢাকা শিক্ষা বোর্ডের আওতাধীন সকল জেলা
- ৪। উপ-পরিচালক (হিঃ ও নিঃ), মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা
- ৫। উপ-পরীক্ষা নিয়ন্ত্রক (মাধ্যমিক), মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা
- ৬। সিনিয়র সিস্টেম এনালিস্ট, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা
- ৭। জেলা শিক্ষা অফিসার, ঢাকা শিক্ষা বোর্ডের আওতাধীন সকল জেলা
- ৮। উপজেলা নিবাহী অফিসার, ঢাকা শিক্ষা বোর্ডের আওতাধীন সকল উপজেলা
- ৯। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, ঢাকা শিক্ষা বোর্ডের আওতাধীন সকল উপজেলা
- ১০। পিএস-টু চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা
- ১১। অফিস কপি।


 বিদ্যালয় পরিদর্শক
 মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা




স্মারক নং-

পি.এস/চাপ্র/৮২০(৫)

অধ্যাধীক্ষণ শিক্ষক

২৫/১৮

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা

তারিখ: ২৮/১০/২০২১ খ্রি

বিষয়: বাংলাদেশ স্কাউটস, ঢাকা অঞ্চলের আঞ্চলিক স্কাউট প্রশিক্ষণ কেন্দ্র উন্নয়নের লক্ষ্যে ঢাকা বিভাগের সকল নিম্নমাধ্যমিক ও মাধ্যমিক বিদ্যালয় থেকে আর্থিক সহায়তা প্রদান সম্পর্কীয়।

সূত্র: পিএস/১৮/৪০৮৩ তারিখ: ৭/১০/১৮।

জনাব,

আপনি অবগত আছেন যে, স্কাউটিং একটি আন্তর্জাতিক বেচাসেবী সংস্থা। শিশু-কিশোর ও কিশোরীদের সৎ, চরিত্রবান ও আদর্শ দেশ প্রেমিক দুনাগরিক হিসেবে গড়ে তোলার লক্ষ্যে বাংলাদেশ স্কাউটস নিরলসভারে কাজ করে যাচ্ছে। স্কাউট আন্দোলন এমন একটি বাস্তব ভিত্তিক কার্যক্রম যার মাধ্যমে শিশু কিশোর ও যুবকদের শারীরিক মানসিক ও আধ্যাত্মিক উন্নয়ন তথা তাদের সুশৃঙ্খল কর্মী চরিত্রবান, পরোপকারী, আত্মনির্ভরশীল, দেশপ্রেমিক নাগরিকরূপে গড়ে তোলা অত্যন্ত সহজ ও সুস্থিত। গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের অর্থ ও সংস্থাপন মন্ত্রণালয়ের সম্মতিক্রমে তৎকালীন শিক্ষা, কৌড়া ও সংস্কৃতি মন্ত্রণালয়ের ১৯.৬.১৯৭৩ তারিখে SXI/13P-17/72/685/150-Edn এবং ২১-৮-৭৮ইং তারিখে S-V 11/13P-6/77/779/150- (C & S) নং আদেশ বলে স্কাউটিং কার্যক্রম পরিচালিত হচ্ছে।

উল্লেখ্য যে, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রীর কার্যালয়ের ২৮ মার্চ, ২০১৭ তারিখের স্মারক নং- ০৩.০৭৪.৩৭.০৫৩.০০.০২১.২০১৬-১৮১(৬) নং মোতাবেক প্রত্যেক শিক্ষা প্রতিষ্ঠানে অত্তত: দুটি করে কাব স্কাউট দল, দুটি স্কাউট দল ও দুটি রোভার স্কাউট দল চালু এবং ছেলেদের পাশাপাশি স্কাউটিং কার্যক্রমে মেয়েদের অংশগ্রহণ আরও বৃদ্ধি করার লক্ষ্যে মেয়েদের সকল শিক্ষা প্রতিষ্ঠানে ও সহশিক্ষা প্রতিষ্ঠানে মানসম্মত গার্ল ইন স্কাউটিং ইউনিট চালু করার জন্য গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার সদয় নির্দেশনা রয়েছে।

সম্পত্তি ময়মনসিংহ বিভাগ গঠিত এবং ময়মনসিংহ শিক্ষা বোর্ড হাপিত হওয়ায় বাংলাদেশ স্কাউটসের ২৭ জুলাই, ২০১৭ তারিখের বাস্কু: (প্রশা: ৬৯৮(/২৩৫(৮৮)/১৭ নং অফিস স্মারক মোতাবেক ০১ আগস্ট, ২০১৭ তারিখ থেকে ময়মনসিংহ প্রশাসনিক বিভাগের আওতাধীন ময়মনসিংহ, নেতৃত্বে আঞ্চলিক স্কাউট প্রশিক্ষণ কেন্দ্রের ভবন নির্মাণের লক্ষ্যে ৬ তলার ফাউন্ডেশন দিয়ে তৃতীয় তলা পর্যন্ত সার্বিক কাজ সম্পাদনের জন্য ১,৯৬,০০,০০০.০০ (এক কোটি ছিয়ানবই লক্ষ) টাকার প্রাকৃতিক আঞ্চলিক স্কাউট প্রশিক্ষণ কেন্দ্রটি ময়মনসিংহ জেলার মুকুগাছা উপজেলায় অবস্থিত পুরাণ উচ্চ প্রশিক্ষণ কেন্দ্রটি বাংলাদেশ স্কাউটস, ময়মনসিংহ অঞ্চলের আঞ্চলিক কার্যালয় এবং প্রশিক্ষণ কেন্দ্র হিসেবে ব্যবহৃত হচ্ছে।

বাংলাদেশ স্কাউটস, ঢাকা অঞ্চলের আওতাধীন ১৩ টি প্রশাসনিক জেলা ও ১টি মেট্রোপলিটন জেলাসহ ১৪টি জেলার জন্য প্রশিক্ষণ কেন্দ্র স্থাপনের লক্ষ্যে মানিকগঞ্জ জেলার সাউরিয়া উপজেলার দোতরা মৌজা ৪ একর অকৃষি খাস জমি দীর্ঘ প্রতীকী মূল্যে দীর্ঘ যোদ্ধাদী বন্দোবস্ত মেয়া হয়। বর্তমানে উক্ত জমিতে আঞ্চলিক স্কাউট প্রশিক্ষণ কেন্দ্রের ভবন নির্মাণের লক্ষ্যে ৬ তলার ফাউন্ডেশন দিয়ে তৃতীয় তলা পর্যন্ত সার্বিক কাজ সম্পাদনের জন্য ১,৯৬,০০,০০০.০০ (এক কোটি ছিয়ানবই লক্ষ) টাকার প্রাকৃতিক আঞ্চলিক স্কাউট প্রশিক্ষণ কেন্দ্রটি অনুমোদন করা হয়েছে। জেলা প্রশাসক, মানিকগঞ্জ মহোদয়ের সার্বিক তত্ত্বাবধান ও সহযোগিতায় তৃতীয় তলা পর্যন্ত অবকাঠামো নির্মাণ কাজ চলমান রয়েছে। নির্মাণাধীন ভবনের তৃতীয় তলা পর্যন্ত সার্বিক সম্পাদন করতে ঢাকা অঞ্চলের আর্থিক সীমাবদ্ধতার কারণে নিজস্ব তহবিল থেকে ভবন নির্মাণ ব্যয় নির্বাহ করা অসম্ভব হয়ে পড়েছে।

উপরোক্ত অবস্থার প্রেক্ষিতে, বাংলাদেশ স্কাউটস, ঢাকা অঞ্চলের আঞ্চলিক স্কাউট প্রশিক্ষণ কেন্দ্রের উন্নয়নের জন্য ঢাকা বিভাগের আওতাধীন সকল নিম্নমাধ্যমিক ও মাধ্যমিক বিদ্যালয় থেকে অনুদান হিসাবে ন্যূনতম ১,০০০/- (এক হাজার) টাকা চেক/ডিডি এর মাধ্যমে “চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা” শিরোনামে সঞ্চালী হিসাব নং ৮৮০২৪৩০২৫৯০১, সোনালী ব্যাংক লিমিটেড, বিআইএসই শাখা, ঢাকা জমা দিয়ে জমা রাশিদের অনুলিপি (বিদ্যালয়ের নামসহ) আগামী ৩০ নভেম্বর ২০২১ তারিখের মধ্যে “বাংলাদেশ স্কাউটস, ঢাকা অঞ্চল, আঞ্চলিক স্কাউট ভবন, বাড়ি # ৭৬, রোড # ৬, ব্রক # এ, সেকশন # ১২, পল্লবী, পুরপুর, ঢাকা-১২১৬” এই ঠিকানায় প্রেরণের জন্য আপনাকে পুনরায় অনুরোধ জানানো হলো।

(প্রফেসর নেতৃত্বে আহমেদ)

চেয়ারম্যান

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা

অনুলিপি- (জ্যোত্তর ক্রমানুসারে নথি)

- ১। সচিব, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা।
- ২। বিদ্যালয় পরিদর্শক, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা।
- ৩। কমিশনার, বাংলাদেশ স্কাউটস, ঢাকা অঞ্চল ও উপপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, ঢাকা অঞ্চল, ঢাকা।
- ৪। সম্পাদক, বাংলাদেশ স্কাউটস, ঢাকা অঞ্চল।
- ৫। জেলা শিক্ষা অফিসার (সকল), ঢাকা বিভাগ।

বাংলাদেশ স্কাউটস, ঢাকা অঞ্চল
আধিকারিক স্কাউট ভবন
বাড়ী #৭৬, রোড#৬, ব্লক# এ, সেকশন#১২
পল্লবী, মিরপুর, ঢাকা-১২১৬
০২-৫৮০৫১১০৫, ০১৮১৭-৫১৮৩৬৬



BANGLADESH SCOUTS, DHAKA REGION
REGIONAL SCOUTS BHABAN
House # 76, Road #6, Block # A, Section #12
Pallabi, Mirpur, Dhaka-1216
dhaka.scouts.gov.bd , dhakaregionbs@gmail.com

স্মারক নং- বাঃ স্কাঃ ঢাঃ অঃ/১১০২৯(৫)/২০২১

চেয়ারম্যান
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা

বিষয়ঃ মেমোরাণ্ডুম (বিশ্ব স্কাউট সংস্থার) ফি আদায়ে সহায়তা প্রদান সম্পর্কীয়।
সূত্রঃ বাঃ স্কাঃ ঢাঃ অঃ/১৫৪১৪(৩)/২০০৯ তারিখঃ ২৬-০২-২০০৯।

০৭ অগ্রহায়ণ, ১৪২৮ বং
তারিখঃ ২২ নভেম্বর ২০২১ খ্রিঃ

মহোদয়,

আপনি অবহিত আছেন যে, স্কাউটিং আন্দোলন হচ্ছে বিশ্বব্যাপী শিক্ষামূলক যুব আন্দোলন। এই আন্দোলনের উদ্দেশ্য বাংলাদেশের শিশু, কিশোর ও তরুণদের প্রচলিত শিক্ষা ব্যবস্থার পাশাপাশি সম্পূরক শিক্ষা ব্যবস্থায় তাদের অবসর সময়কে কাজে লাগিয়ে পর্যায়ক্রমে প্রশিক্ষণ দিয়ে সুশৃঙ্খল, চরিত্রবান, পরোপকারী, আত্ম নির্ভরশীল ও সুনাগরিক হিসেবে গড়ে তোলা।

বাংলাদেশ সরকারের প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় এবং শিক্ষা মন্ত্রণালয়ের সার্বিক তত্ত্বাবধান, নির্দেশনা ও সহযোগিতায় প্রাথমিক বিদ্যালয় এবং মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক বিদ্যালয়সমূহে স্কাউটিং কার্যক্রম বাস্তবায়িত হচ্ছে। এ ব্যাপারে বিগত ২৬ জানুয়ারি ২০১৭ তারিখে একাদশ জাতীয় রোভার মুট উদ্বেদ্ধ অনুষ্ঠানে মাননীয় প্রধানমন্ত্রী নিম্নরূপ নির্দেশনা প্রদান করেন এবং নির্দেশনাসমূহ বাস্তবায়নের জন্য গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার, প্রধানমন্ত্রীর কার্যালয় পত্র সংখ্যা ০৩.০৭৪.৩৭.০৫৩.০০.০২১.২০১৬-১৮১(৬) তারিখ ২৮ মার্চ ২০১৭ খ্রিঃ
পত্র জারী করা হয় (পত্র সংযুক্ত)।

(ক) “প্রত্যেক শিক্ষা প্রতিষ্ঠানে অন্তত: দুটি করে কাব স্কাউট দল, দুটি স্কাউট দল ও দুটি রোভার স্কাউট দল চালু করতে হবে।
চেলেদের পাশাপাশি স্কাউটিং কার্যক্রমে মেয়েদের অংশগ্রহণ আরও বৃদ্ধি করার লক্ষ্যে মেয়েদের সকল শিক্ষা প্রতিষ্ঠানে ও সহশিক্ষা প্রতিষ্ঠানে
মানসম্মত গার্ল ইন স্কাউটিং চালু করতে হবে”।

(খ) “এ জন্য প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, শিক্ষা মন্ত্রণালয় ও সংশ্লিষ্ট সকলে সমন্বিত ভাবে বাংলাদেশ স্কাউট'কে সহযোগিতা
করবেন বলে আশা করি”।

উল্লেখ্য যে, প্রতি বৎসর মেমোরাণ্ডুম (বিশ্ব স্কাউট সংস্থার) ফি বাবদ প্রতিটি মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক বিদ্যালয়ে ন্যূন্যতম দুটি স্কাউট
ও গার্ল ইন স্কাউট দলের জন্য স্কাউট ও গার্ল ইন স্কাউট প্রতি ৫.০০ (পাঁচ) টাকা হারে ৬৪ (চৌষটি) জনের (64×5.00) =৩২০.০০
(তিনশত বিশ) টাকা এবং প্রতিটি সদস্য প্রতি ১০.০০ (দশ) টাকা হারে (ন্যূনতম) ৭+১=৮ (আট) জনের (8×10.00) =৮০.০০
(আশি) টাকাসহ সর্বমোট ($320+80.00$) =৪০০.০০ (চারশত) টাকা পরিশোধ করার বিধান রয়েছে।

এমতাবস্থায়, মাননীয় প্রধানমন্ত্রীর নির্দেশনা বাস্তবায়নের লক্ষ্যে মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা এর আওতাধীন
(বালক/ বালিকা/ সহশিক্ষা) শিক্ষা প্রতিষ্ঠানে নবম শ্রেণীর রেজিস্ট্রেশন কার্ড বিতরণকালীন সময়ে সূত্রে বর্ণিত পত্রের =২৩০.০০ (দুইশত ত্রিশ)
টাকার স্থলে (ন্যূনতম) =৪০০.০০ (চারশত) টাকা হারে মেমোরাণ্ডুম (বিশ্ব স্কাউট সংস্থার) ফি পরিশোধের রশিদ গ্রহণ পূর্বক রেজিস্ট্রেশন কার্ড
বিতরণের সময় সংশ্লিষ্টদেরকে প্রয়োজনীয় নির্দেশনা প্রদানের জন্য বিশেষভাবে অনুরোধ জানাই।

স্কাউট সেবায় নিয়োজিত

(মোঃ মোয়াজ্জেম হোসেন ভুঁঝা)

সম্পাদক

বাংলাদেশ স্কাউটস, ঢাকা অঞ্চল।

অনুলিপি- সদয় জ্ঞাতার্থেঁ

- ০১। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা।
- ০২। সচিব, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা।
- ০৩। বিদ্যালয় পরিদর্শক, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা।
- ০৪। আধিকারিক কমিশনার, বাংলাদেশ স্কাউটস, ঢাকা অঞ্চল।